

স্মারক নং-৪৬.০০.৭৭০০.০১৭.২৭.০০২.১৭(অংশ-১)- ৫৫

তারিখ : ০৯ মাঘ, ১৪২৪ বঙ্গাব্দ।  
২২ জানুয়ারি, ২০১৮ খ্রিষ্টাব্দ।

### প্রজ্ঞাপন


যেহেতু, পঞ্চগড় জেলার তেঁতুলিয়া উপজেলার বুড়াবুড়ি ইউনিয়নের ৪ নং ওয়ার্ডের সদস্য জনাব মোঃ সফিজুল ইসলামের এর বিরুদ্ধে প্রত্যক্ষ ও পরোক্ষভাবে বাল্যবিবাহ প্রদান কাজের সঙ্গে জড়িত/সম্পৃক্ত থাকার অভিযোগ তদন্তে প্রমাণিত হয়েছে;

যেহেতু, উক্ত সদস্যের বিরুদ্ধে আনীত অভিযোগ সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী অফিসার এর তদন্তে প্রমাণিত হওয়ায় জেলা প্রশাসক, পঞ্চগড় উক্ত সদস্যের বিরুদ্ধে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানিয়েছেন;

যেহেতু, উক্ত সদস্যের বিরুদ্ধে অভিযোগ প্রমাণিত হওয়ায় তাঁর দ্বারা ক্ষমতা প্রয়োগ প্রশাসনিক দৃষ্টিকোণে সমীচীন নয় মর্মে সরকার মনে করে;

সেহেতু, পঞ্চগড় জেলার তেঁতুলিয়া উপজেলার বুড়াবুড়ি ইউনিয়নের ৪ নং ওয়ার্ডের সদস্য জনাব মোঃ সফিজুল ইসলামের এর বিরুদ্ধে প্রত্যক্ষ ও পরোক্ষভাবে বাল্যবিবাহ প্রদান কাজের সঙ্গে জড়িত/সম্পৃক্ত থাকার অভিযোগ তদন্তে প্রমাণিত হওয়ায় এবং উক্ত ইউপি সদস্য কর্তৃক সংঘটিত অপরাধমূলক কার্যক্রম পরিষদসহ জনস্বার্থের পরিপন্থি বিধায় স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন, ২০০৯ এর ধারা ৩৪ উপধারা (১) অনুযায়ী উল্লিখিত ইউপি সদস্যকে তাঁর স্থায়ী পদ থেকে সাময়িকভাবে বরখাস্ত করা হলো।

০২। এ আদেশ জনস্বার্থে জারী করা হলো এবং তা অবিলম্বে কার্যকর হবে।


  
(মোঃ মাহাবুবুর রহমান)  
উপসচিব  
৯৫৮৬৬০৫  
Email : lgup1@lgd.gov.bd

স্মারক নং-৪৬.০০.৭৭০০.০১৭.২৭.০০২.১৭(অংশ-১)- ৫৫

তারিখ : ০৯ মাঘ, ১৪২৪ বঙ্গাব্দ।  
২২ জানুয়ারি, ২০১৮ খ্রিষ্টাব্দ।

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

- ০১। জেলা প্রশাসক, পঞ্চগড়।
- ০২। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০৩। উপজেলা নির্বাহী অফিসার, তেঁতুলিয়া, পঞ্চগড়।
- ০৪। কম্পিউটার প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (স্থানীয় সরকার বিভাগের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ০৫। অতিরিক্ত সচিব মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০৬। জনাব মোঃ সফিজুল ইসলাম, সদস্য, ০৪নং ওয়ার্ড (সাময়িক বরখাস্তকৃত), বুড়াবুড়ি ইউনিয়ন পরিষদ, তেঁতুলিয়া, পঞ্চগড়।

  
(মোঃ মাহাবুবুর রহমান)  
উপসচিব